# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৮. ২. ৮. পৃথিবী সমতল না গোলকাকৃতির?

বাইবেল বলছে যে, জেরুজালেমের উচু পাহাড়ের উপর থেকে সারা দুনিয়া দেখা যায়: "তখন ইবলিস আবার তাঁকে খুব উঁচু একটা পাহাড়ে নিয়ে গেল এবং দুনিয়ার সমস্ত রাজ্য (all the kingdoms of the world) ও তাঁদের জাঁকজমক দেখিয়ে বলল, 'তুমি যদি মাটিতে পড়ে আমাকে সেজদা কর তবে এই সবই আমি তোমাকে দেব।" (মথি ৪/৮-৯)।

এ কথাটা অবাস্তব। পৃথিবী গোলকাকার হওয়ার কারণে পৃথিবীর সর্বোচ্চ পাহাড়ের উপর থেকেও দুনিয়ার সকল রাজ্য একসাথে দেখা যায় না। শয়তান কি যীশুকে সে সময়ে বিদ্যমান আফ্রিকার মিসর, কার্থেজ, ইউরোপের রোম, গ্রীস, ক্রীট, এশিয়ার চীন, ভারত, কোরিয়া ও অন্যান্য সকল রাজ্য ও তাদের জাঁকজমক দেখিয়ে দিয়েছিল? সম্ভবত বাইবেল লেখক পৃথিবীকে সমতল মনে করে কল্পনা করেন যে, উচু পাহাড়ে উঠলে বোধহয় সারা দুনিয়া একবারেই দেখা যায়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14495

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন